



নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা

ই মেইল: precs@dhaka.net
ওয়েব সাইট : www.ecs.gov.bd

ফোন : ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭
ফ্যাক্স : ৯১২৯৭৭৩

নিকস/জঃসঃ/প্রেস রিলিজ/২০০৫/১৭৯১৩

তারিখঃ ৭/৫/২০০৬

সংবাদ বিজ্ঞপ্তি

গাইবান্ধা-৪ আসনের উপ-নির্বাচনঃ

প্রস্তুতি সম্পন্নঃ

আগামী ৯ মে ২০০৬ তারিখে জাতীয় সংসদের ৩২ গাইবান্ধা-৪ শূন্য আসনের নির্বাচন। এ নির্বাচনকে সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশন সকল প্রস্তুতি সম্পন্ন করেছে। সকাল ৮ টা হতে বিকেল ৪ টা পর্যন্ত একটানা ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। ভোট গ্রহণের দিন নির্বাচনী এলাকায় সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে।

শান্তিপূর্ণ ভোটগ্রহণ অনুষ্ঠানের লক্ষ্যে আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে সম্পূর্ণ নিরপেক্ষতার সাথে যথাযথভাবে দায়িত্ব পালনের নির্দেশ প্রদান করা হয়েছে। ভোট গ্রহণ কর্মকর্তাগণ যাতে সঠিকভাবে দায়িত্ব পালন করতে পারেন সে লক্ষ্যে তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

নির্বাচনে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখা এবং ভোটারগণ যাতে নির্বিঘ্নে, স্বতঃস্ফূর্তভাবে ও আনন্দমুখর পরিবেশে তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারে সে লক্ষ্যে সেনাবাহিনীসহ পর্যাপ্ত আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনী মোতায়েনের ব্যবস্থা করা হয়েছে। বিডিআর ও এপিবিএন এর মোবাইল/স্ট্রাইকিং টিম নির্বাচনী এলাকায় টহল দেবে এবং গুরুত্বপূর্ণ স্থানে অবস্থান করবে।

নির্বাচনের দিন জালভোট প্রদানসহ নির্বাচনী অপরাধের তাৎক্ষণিক বিচারের জন্য নির্বাচনী এলাকায় ভ্রাম্যমান সংক্ষিপ্ত বিচার আদালত নিয়োজিত থাকবে। আইন শৃংখলা রক্ষাকারী বাহিনীর প্রতিটি টিমের সাথে ও ভোটকেন্দ্র গুলোতে ম্যাজিস্ট্রেট নিয়োজিত থাকবেন। বেসরকারী পর্যবেক্ষকগণ নির্বাচন পর্যবেক্ষণ করবেন।

নির্বাচনী এলাকায় সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে নির্বাচনী প্রচার ও যানবাহন চলাচলের উপর বিধি নিষেধ আরোপ করা হয়েছে।

গোবিন্দগঞ্জ উপজেলার সমন্বয়ে গঠিত গাইবান্ধা-৪ আসনে মোট ৬ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। এ আসনটির মোট ২৯৪১৫১ ভোটারের জন্য ১০২ টি ভোটকেন্দ্রে, ১০২ জন প্রিজাইডিং অফিসার, ৫৭৭ জন সহকারী প্রিজাইডিং অফিসার এবং ১১৫৪ জন পোলিং অফিসার সহ মোট ১৮৩৩ জন ভোটগ্রহণ কর্মকর্তা ভোট গ্রহণের দায়িত্বে নিয়োজিত থাকবেন।

নির্বাচনী প্রচারে নিষেধাজ্ঞাঃ

নির্বাচনী আইন অনুযায়ী নির্বাচনী এলাকায় ভোট গ্রহণ দিবসের দিবাগত মধ্যরাত হতে পূর্ববর্তী ৪৮ ঘন্টা অর্থাৎ ৭ মে ২০০৬ তারিখ দিবাগত মধ্যরাত হতে ভোটগ্রহণের দিন ৯ মে ২০০৬ তারিখ দিবাগত মধ্যরাত পর্যন্ত সময়কালে

কোন ব্যক্তি উল্লিখিত নির্বাচনী এলাকার কোন স্থানে সভা আহ্বান, সভা অনুষ্ঠান ও সভায় যোগদান এবং মিছিল বের করার উদ্যোগ গ্রহণ বা মিছিলে যোগদান করতে পারবেন না।


এছাড়া উল্লিখিত সময়সীমার মধ্যে কেউ নির্বাচনী এলাকার কোন স্থানে সন্ত্রাস বা উচ্চহুল আচরণ বা কোন ভোটের বা নির্বাচনী কার্যক্রমের সংগে জড়িত বা কর্মরত কোন ব্যক্তিকে ভীতি প্রদর্শন বা উত্যক্ত করতে পারবেন না এবং অস্ত্র প্রদর্শন বা শক্তি প্রয়োগ করতে পারবেন না। এই আদেশ লংঘনকারী ব্যক্তি সংশ্লিষ্ট আইন অনুসারে জরিমানাসহ ২ থেকে ৭ বছর পর্যন্ত সশ্রম কারাদণ্ডে দণ্ডিত হবেন।

যানবাহন চলাচলে নিষেধাজ্ঞাঃ

নির্বাচনী এলাকায় ৮ মে ২০০৬ দিবাগত মধ্যরাত হতে ৯ মে ২০০৬ দিবাগত মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল, বেবীটেক্সী, মাইক্রোবাস, জীপ, পিকআপ, কার, বাস, ট্রাক, টেম্পো, লঞ্চ, ইঞ্জিন চালিত নৌকা ও স্পীড বোট সমূহের চলাচল বন্ধ থাকবে। তবে এ নিষেধাজ্ঞা নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, সাংবাদিক, পর্যবেক্ষক এবং জরুরী কাজে নিয়োজিতদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না। হাইওয়ের ক্ষেত্রেও এ নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।

অস্ত্রবহনে নিষেধাজ্ঞাঃ

এছাড়া নির্বাচনী এলাকায় ৭ মে ২০০৬ তারিখ দিবাগত মধ্যরাত হতে ১০ মে ২০০৬ দিবাগত মধ্যরাত পর্যন্ত সময়ে লাইসেন্সধারীর সকল প্রকার আগ্নেয়াস্ত্র বহণ নিষিদ্ধ থাকবে। তবে নির্বাচনী আইন শৃঙ্খলার সাথে সম্পৃক্ত আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।


(এস এম আসাদুজ্জামান)
জনসংযোগ কর্মকর্তা (সিঃসিঃ)
ফোন : ৮১১৪১৭৬ (অফিস)
৮০৫৩৪৭৬ (বাসা)